লক্ষ্যং বিশ্বমানম্

# পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়

বেরুনানপুকুরিয়া, মালিকাপুর, বারাসাত, উত্তর চব্বিশ পরগণা, কলকাতা- ৭০০ ১২৬

## বাংলা বিভাগ


স্মারক নং ..............................

তারিখ ..............................

### বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপকগণ, সংশ্লিষ্ট আধিকারিকগণ এবং প্রাক্-স্নাতক দ্বিতীয় ও চতুর্থ সেমেস্টারের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, প্রাক্-স্নাতক দ্বিতীয় সেমেস্টার MIL: CODE: BNGSAEC01T (CREDIT:02) ও চতুর্থ সেমেস্টার SEC- II: CODE: BNGSSEC02M(CREDIT: 02)-এর পরীক্ষা পদ্ধতি ও উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত বিষয়ে, বাংলা বিভাগের প্রাক্-স্নাতক পাঠ-পর্ষদ সভার মাননীয় সদস্যগণ নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন:

দ্বিতীয় সেমেস্টার MIL: CODE: BNGSAEC01T (CREDIT:02): এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হল যে, প্রকল্প নির্মাণ (project) পদ্ধতির মাধ্যমে এই পত্রের পরীক্ষা ও তৎসংক্রান্ত উত্তরপত্র মূল্যায়নের কাজটি মহাবিদ্যালয়ের অধ্যাপকগণ নিজেরাই নিজেদের দায়িত্বে করবেন এবং বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের কর্তৃপক্ষের নির্দেশানুসারে মূল্যায়িত নম্বর বিশ্ববিদ্যালয়ে পাঠাবেন।

চতুর্থ সেমেস্টার SEC- II (Honours & General both): CODE: BNGSSEC02M(CREDIT: 02): এই পত্রের ক্ষেত্রে বাংলা বিভাগের প্রাক্-স্নাতক পাঠ-পর্ষদ সভার মাননীয় সদস্যগণ সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, এই পত্রের দুই বিষয়ে (১। প্রুফ রিডিং ও ২। কম্পিউটারে বাংলা লিখন) মহাবিদ্যালয়ের অধ্যাপকগণ যথাক্রমে ১০+১০=২০ নম্বরের পরীক্ষা নিজেরাই নিজেদের দায়িত্বে গ্রহণ করবেন এবং উত্তরপত্র মূল্যায়ন ও সংরক্ষণ করবেন এবং নিয়মানুসারে উক্ত পত্রে ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বর বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠাবেন।

বিশেষ দ্রষ্টব্যঃ চতুর্থ সেমেস্টার SEC- II (Honours & General both): CODE: BNGSSEC02M(CREDIT: 02): ১। প্রুফ রিডিং ও ২। কম্পিউটারে বাংলা লিখন এই দুই বিষয়ে পরীক্ষা পদ্ধতি হিসাবে বাংলা বিভাগের প্রাক্-স্নাতক পাঠ-পর্ষদ সভার মাননীয় সদস্যগণ,- ১। বাড়ি থেকে তৈরি করা উত্তর(home assignment) ২। শ্রেণিকক্ষে বসে পরীক্ষা(যদি সম্ভব হয়) [written exam.] ৩। প্রকল্প নির্মাণ (project) বা ৪। সরাসরি গ্রন্থ/পত্র-পত্রিকার ছাপা প্রবন্ধ/সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদন – ইত্যাদি বিষয়ের লেখা নিয়ে 'হাতেকলমে শিক্ষা'(practical work),-এইসব পদ্ধতির মাধ্যমে মূল্যায়নের সুপারিশ করছে।

মোহিনীমোহন সরদার ১১/১১/2020

অধ্যাপক মোহিনীমোহন সরদার
অধ্যাপক এবং বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ
এবং সভাপতি, প্রাক্-স্নাতক পাঠ-পর্ষদ, বাংলা বিভাগ,
পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বারাসাত, কলকাতা- ১২৬।

Head
Department of Bengali
West Bengal State University
Barasat, Kolkata-700126


Phone : 033 2524 - 1975, 033 2524 - 1976 ■ Fax : 033 2524 - 1977 ■ Email: wbsubregistration.org.